

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত দরের কপি।
- (৪) হোসেন ব্রাদার্স এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস এর প্রয়োজনীয় ডকুমেন্টস।
- (৫) পাম্প মোটর রিওয়াইন্ডিং, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের প্রাক্কলন।
- (৬) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Rewinding, Repair, maintenance & servicing of 02(Two) set 1.5 KW 0.2 cubic meter/min capacity pump motor of Narinda pumping station & Old airport SLS under PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার ঢাকা ওয়াসার প্রথম ও সবচেয়ে পুরাতন পয়ঃ প্ল্যান্ট। উক্ত প্ল্যান্টের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। সচল এস.এল.এস গুলোতে ও পয়ঃশোধনাগারের বিভিন্ন পয়েন্টে অর্থাৎ স্লাজ পাম্প ও আউটফল পাম্পিং স্টেশনে ১.৫ কিলোওয়াট ০.২ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ডিওয়াটারিং পাম্প মোটর সেট রয়েছে। উক্ত পাম্প মোটরসমূহ রোস্টার অনুযায়ী সার্বক্ষণিক চালু থাকে। কোন কারনে পাম্প মোটরে ত্রুটি দেখা দিলে সংশ্লিষ্ট এলাকায় পয়ঃ উত্তোলন কার্যক্রম ব্যাহত হয়। এছাড়া পাম্পিং স্টেশনের ফ্লোরের পানি অপসারণের জন্য ব্যবহৃত পাম্প মোটরে ত্রুটি দেখা দিলে পানি ওভার ফ্লো হয়ে পাম্প হাউজ তলিয়ে যেতে পারে। সেই কারনে উক্ত পাম্প মোটরগুলো সার্বক্ষণিক চালু থাকা আবশ্যিক। উক্ত সাইজের পাম্প মোটরগুলো ১৯৯২ সাল হতে মেরামত ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে সচল রাখা হচ্ছে। দীর্ঘদিন যাবত চলার ফলে সম্প্রতি নারিন্দা পাম্পিং স্টেশন ও পুরাতন বিমান বন্দর এ.এল.এস-এর ডিওয়াটারিং মোটরের ওয়াইন্ডিং ইনসুলেশনের কার্যক্ষমতা লোপ পেয়ে অথবা অন্য কোন কারনে মোটর জ্বলে গিয়েছে। সেই কারনে জরুরি ভিত্তিতে উক্ত ২ সেট পাম্প মোটর রিওয়াইন্ডিং, মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং করা প্রয়োজন।

১.১। সেই আলোকে "Rewinding, Repair, maintenance & servicing of 02(Two) set 1.5 KW 0.2 cubic meter/min capacity pump motor of Narinda pumping station & Old airport SLS under PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪৯,৬৬৩.০০(উনপঞ্চাশ হাজার ছয়শত তেষট্টি) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "পয়ঃপাম্প রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০০৪) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং- ১০৬; প্যাকেজ নং- E7(থোক বরাদ্দ) হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৯৯(১)(ড) ধারায় সরাসরি চুক্তির (Direct contracting) আওতায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Rewinding, Repair, maintenance & servicing of 02(Two) set 1.5 KW 0.2 cubic meter/min capacity pump motor of Narinda pumping station & Old airport SLS under PSTP" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি অতি জরুরি বিধায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৯৯(১)(ড) ধারায় সরাসরি চুক্তির (Direct contracting) আওতায় হোসেন ব্রাদার্স এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪৯,৬৬৩.০০(উনপঞ্চাশ হাজার ছয়শত তেষট্টি) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "পয়ঃপাম্প রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০০৪) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।



৫/১১/২৫

মোঃ সাহিফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা



সৈয়দ শাহরিউর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


০৭.১১.২০২৫
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

সহ (অর্থিক)

০৭/১১/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সানাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা